

## ফেব্রুয়ারি/২০১৮ মাসের জি.ও-এন.জি.ও সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. নজরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি., সময় : দুপুর ১২:০০ টা

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-‘ক’স্বাক্ষরের ক্রমানুসারে।

সভার শুরুতে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর উপস্থিত সকল এনজিও প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় উপস্থিতির হার সন্তোষজনক। যারা সভায় উপস্থিত থাকতে পারবেনা তাদেরকে আগেই ফোনে জানানোর জন্য অনুরোধ করেন। সভাপতি, এনজিও ফোরাম, লালপুর সভায় অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করেন। যে সকল এনজিও প্রতিনিধিগণ সভায় অনুপস্থিত আছেন তাদের অনুপস্থিতির কারণ দর্শানোর পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ হয়। প্রত্যেক এনজিও’র আঞ্চলিক পরিচালকের তিকানা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।

### আলোচ্য বিষয় ০১, মাসিক কার্যক্রমের তথ্য দাখিল:

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	প্রত্যেক এনজিও প্রতিনিধিগণ প্রতি মাসের ১০ তারিখের মধ্যে তাদের মাসিক কার্যক্রমের তথ্য আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন মর্মে আলোচনা করা হয়।	সকল এনজিও প্রতিনিধিগণ তাদের কার্যক্রমের প্রতিবেদন আগামী সভার নির্ধারিত তারিখের পূর্বেই দাখিল করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট এনজিও

### আলোচ্য বিষয় ০২, মাসিক সভায় উপস্থিতি:

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	এনজিও প্রতিনিধিগণ কে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	কোন এনজিও প্রতিনিধি পর পর ০২ টি সভায় অনুপস্থিত থাকলে তার কার্যক্রমের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট এনজিও

### আলোচ্য বিষয় ০৩, নিজস্ব ঋণ কার্যক্রম উপস্থাপন:

ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ক্ষুদ্র ঋণ, রেমিটেন্স, বেতন ভাতা, স্যানিটেশন, শিক্ষা, স্বাস্থ্য, বায়োগ্যাস প্লান্ট, মানবাধিকার আইন সহায়তা, অতি দরিদ্র কর্মসূচী, পরিবেশ সচেতনতা, গবাদি পশুর কৃত্রিম প্রজনন, বাল্য বিবাহ, যৌতুক, মাদক প্রতিরোধ, ইভটিজিং, জঙ্গি ও নাশকতাবাদ ইত্যাদি বিষয়ে কোন কোন এনজিও কি কি কাজ বাস্তবায়ন করেন সে সকল বিষয়ে আলোচনা করা হয়।	এনজিও প্রতিনিধিগণ কে তাদের মাসিক প্রতিবেদনের সাথে ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।	সংশ্লিষ্ট এনজিও

### আলোচ্য বিষয় ০৪, ঋণ কার্যক্রমের সনদ দাখিল :


ক্র.ন.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	যে সকল এনজিও ঋণ কার্যক্রম করেন সে সকল এনজিও কে ক্ষুদ্র ঋণ রেগুলেটরী অথরিটির সনদ দাখিল করতে হবে এ বিষয়ে আলোচনা করা হয়।	যে সকল এনজিও ঋণ কার্যক্রম করেন তাদেরকে আগামী সভায় ক্ষুদ্র ঋণ রেগুলেটরী অথরিটির সনদ দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট এনজিও

চলমান পাতা-২

**সার্বিক আলোচনা:**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে সকল এনজিওর অনুমোদন নেই সেগুলো তাদের কার্যক্রম চালাতে পারবে না। আশা এনজিও সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসার উদ্বেগ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার সমবায় কর্মকর্তার কাছে আশা এনজিওর পরিদর্শন মতামত চাইলে সমবায় কর্মকর্তা বলেন, আশা এনজিওর লালপুরের কর্মকান্ড সন্তোষজনক নয়। তিনি বলেন আশা এনজিও পরিদর্শনের সময় শাখা ম্যানেজারের কাছে তাদের শাখার সনদপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র দেখতে চাইলে তিনি তা দেখাতে পারেননি। এমনকি তাকে যথেষ্ট সময় দেওয়ার পরও তিনি সনদপত্র দেখাতে পারেননি। আশা এনজিওর শাখা ব্যবস্থাপক বলেন, তার শাখা স্থানান্তরের কারণে তিনি সনদপত্র খুঁজে পাচ্ছেন না। তারা যে ঋণ বিতরণ করেন সেই ঋণের বিপরিতে সুদের হার সম্পর্কে কোন লিখিত নির্দেশনা দেখাতে পারেননি। তারা যে ডিপিএস কার্যক্রম পরিচালনা করেন তার কোন অনুমোদন দেখাতে পারেননি। তাদের সুনির্দিষ্ট কর্ম এলাকা দেখাতে পারেননি। এমনকি তাদের সদস্যদের কোন পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিসার শাখা ব্যবস্থাপক, আশা এনজিও কে ২৪ ঘণ্টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের নির্দেশ দেন অন্যথায় তার শাখা বন্ধ করে দেওয়া হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে সকল এনজিও প্রত্যয়নপত্রের জন্য আবেদনের সময় প্রয়োজনীয় কাগজপত্র জমা দেননা তাদের কে প্রত্যয়নপত্র প্রদান করা হবেনা। প্রত্যয়ন পত্রের জন্য আবেদনের সময় প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সমবায় কর্মকর্তাকে সকল এনজিও পরিদর্শন করে রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার বিভিন্ন এনজিওর কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে শাখা ব্যবস্থাপক, উদ্দীপন বলেন তাদের ঋণ কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন সামাজিক কার্যক্রম চলমান আছে। তারা ৪% হার সুদে দুই হাজার টাকা থেকে দশ হাজার টাকা পর্যন্ত ঋণ প্রদান করে থাকেন। এছাড়া তারা গর্ভবতী মহিলাদের সেবা প্রদান করে থাকে। এনডিপি প্রতিনিধি বলেন তাদের ক্ষুদ্র ঋণের পাশাপাশি তাদের বিভিন্ন সামাজিক কার্যক্রম রয়েছে। তারা অসহায় দুঃস্থ মহিলাদের মাঝে গরু, ছাগল, হাঁস-মুরগি বিতরণ করে থাকে। দিশা এনজিও প্রতিনিধি বলেন তারা মৎস্যচাষ ও ছাগলপালন প্রকল্পে ঋণ প্রদান করে থাকেন। নিজেরা করি এনজিও প্রতিনিধি বলেন, তারা women development নিয়ে কাজ করছেন। আলফা এনজিও প্রতিনিধি বলেন তারা শিক্ষা সংশ্লিষ্ট বিষয় নিয়ে কাজ করছে। ওসাকা এনজিও প্রতিনিধি বলেন তারা ক্ষুদ্রঋণ প্রদানের পাশাপাশি শিক্ষা বৃত্তি প্রদান করে থাকে। উপজেলা নির্বাহী অফিসার বলেন আমরা মাসে একবার মিটিং করি এটি আমাদের রুটিন ওয়ার্ক। কারো কোন সমস্যা থাকলে সভায় তা জানানোর জন্য বলেন। এনজিও মাসিক সভা পরবর্তী মাসের ১৪/০৩/২০১৮ খ্রি: তারিখ ১২.০০ টার সময় অনুষ্ঠিত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় (উক্ত তারিখে সরকারী ছুটি থাকলে পরবর্তী কর্মদিবস)। এনজিও গুলোকে সুনির্দিষ্ট কর্মকান্ড ও কর্মকৌশল জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় কোন এনজিও'র কার্যক্রমে কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধসহ আগামী সভায় সকল এনজিও'র উপস্থিতির আশাবাদ ব্যক্ত করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: নজরুল ইসলাম)


উপজেলা নির্বাহী অফিসার

লালপুর, নাটোর।

ফোন নম্বর-০৭৭৫-৭৫০০১

মোবাইল নম্বর-০১৭৬২-৬৯২১১১

unolalpur@mopa.gov.bd



চলমান পাতা-৩

পাতা নং-৩  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লালপুর, নাটোর।  
www.lalpur.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৫০.৬৯৪৪.০০০.১৮.০০৭.১৪. ১৯৬

তারিখ: ১ ফাল্গুন ১৪২৪ ব.  
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. জেলা প্রশাসক, নাটোর  
অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:
২. ....  
.....লালপুর, নাটোর।

(মো: নাজরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
লালপুর, নাটোর।  
ফোন নম্বর-০৭৭৫-৭৫০০১  
মোবাইল নম্বর-০১৭৬২-৬৯২১১১

ক্রম: পরিশিষ্ট 'ক' উপস্থিত সদস্যদের তালিকা :

১. জনাব মো: তানভীর বুলবুল, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লালপুর, নাটোর।
২. জনাব মো: জগলুল কবির, ব্যবস্থাপক, রাকাব, লালপুর, নাটোর।
৩. জনাব মো: আদম আলী, উপজেলা সমবায় কর্মকর্তা, লালপুর নাটোর।
৪. জনাব মো: উমিরুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লালপুর, নাটোর।
৫. জনাব মো: আনোয়ার হোসেন, ব্যবস্থাপক, এক্সিম ব্যাংক, লালপুর, নাটোর।
৬. জনাব মোমেনা খাতুন, জেলা প্রতিনিধি, ব্রাক, লালপুর, নাটোর।
৭. জনাব মো. ফজলুল হক, শাখা ব্যবস্থাপক, উদ্দীপন, লালপুর, নাটোর।
৮. জনাব মো. আমিরুল ইসলাম, সমাজ উন্নয়ন কর্মকর্তা, নিউ এরা ফাউন্ডেশন, লালপুর, নাটোর।
৯. জনাব মো. মেহেদী হাসান, শাখা ব্যবস্থাপক, দিশা, লালপুর, নাটোর।
১০. জনাব মো. আব্দুল জায়েদ, পরিচালক, আলফা ফাউন্ডেশন, লালপুর, নাটোর।
১১. জনাব মো. কামাল আহমেদ, ব্রাঞ্চ ম্যানেজার, মুসলিম এইড বাংলাদেশ, লালপুর, নাটোর।
১২. জনাব তপন কুমার সরকার, অঞ্চল সমন্বয়ক, নিজেরা করি, লালপুর, নাটোর।
১৩. জনাব মো. মো: রবিউল ইসলাম, শাখা ব্যবস্থাপক, জাগরনী চক্র ফাউন্ডেশন, লালপুর, নাটোর।
১৪. জনাব মো. আশরাফুল ইসলাম, শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ. গোপালপুর, লালপুর, নাটোর।
১৫. জনাব মো. মফিজউদ্দিন, ফিল্ড অফিসার, এসএনডি, লালপুর, নাটোর।
১৬. জনাব মো. সাইদুর রহমান, ম্যানেজার, কৈননীয়া, লালপুর, নাটোর।
১৭. জনাব মো. মফিজুর রহমান, শাখা ব্যবস্থাপক, আভা, লালপুর, নাটোর।
১৮. জনাব মো. দেলোয়ার হোসেন, ব্রাঞ্চ ম্যানেজার, টি.এম.এস.এস, লালপুর, নাটোর।
১৯. জনাব মো. আবু আনেশ ইউসুফ, প্রকল্প সমন্বয়কারী, এনডিপি, ওয়ালিয়া, লালপুর, নাটোর।
২০. জনাব মো. আবুল বাসার, শাখা ব্যবস্থাপক, ওসাকা, লালপুর, নাটোর।
২১. জনাব মো. আকরাম হোসেন, শাখা ব্যবস্থাপক, ইনোসেন্ট মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি, লালপুর, নাটোর।
২২. জনাব মো: মোশারফ হোসেন, শাখা ব্যবস্থাপক, সেতু, লালপুর, নাটোর।
২৩. জনাব মো: আব্দুর রাজ্জাক, শাখা ব্যবস্থাপক, আশা, লালপুর, নাটোর।

ক্রম: পরিশিষ্ট 'খ' অনুপস্থিত সদস্যর তালিকা :

১. জনাব মো. আইয়ুব আলী, নির্বাহী পরিচালক, ভিশা, লালপুর, নাটোর।
২. জনাব সুদীপ মন্ডল, কর্মসূচী কর্মকর্তা, সিসিডিবি, লালপুর, নাটোর।
৩. জনাব সামুয়েল বাস্ক, শাখা ব্যবস্থাপক, কারিতাস, বড়াইগ্রাম।
৪. জনাব মো. আজিজুল ইসলাম, শাখাব্যবস্থাপক, আর.আর. এফ, লালপুর, নাটোর।